রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সফরে পিছনে চলতেন। তিনি দুর্বলকে চলতে সাহায্য করতেন, তাকে পিছনে বসিয়ে নিতেন এবং তার জন্য দো‘আ করতেন।

জাবির ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সফরে পিছনে চলতেন। তিনি দুর্বলকে চলতে সাহায্য করতেন, তাকে
বাহনের পিছনে বসিয়ে নিতেন এবং তার জন্য দো‘আ করতেন।
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

অর্থ: সফরে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সব মানুষের পিছনে থাকতেন, যাতে তিনি অবলোকন করতে পারেন মানুষের অবস্থা, তাদের মধ্যে যাদের সাহায্য প্রয়োজন তাদের সাহায্য করার জন্যে, যেমন অক্ষম এবং যার বাহন নেই তাকে তিনি বাহনে উঠিয়ে নিতেন। আর তিনি দুর্বলকে হাটাতেন, তাকে পিছনে বহন করতেন ও তার জন্যে দো‘আ করতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5971